

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd



স্মারক নং-৩৩.০১.০০০০.১১৪.৩৫.০০১.২২-৩০৮

তারিখঃ ১৪/০৮/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ বায়ো-জিন ২৪/১, চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭, ১০০% হলস্টিন ফ্রিজিয়ান জাতের গভীর হিমায়িত Embryo ১০ পিস A.L.H Genetics B. V for A.L.H Genetics USA Inc হতে আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্রঃ (১) বায়ো-জিন ২৪/১, চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭ এর ০৮/০৮/২০২৩ তারিখের আবেদন।
(২) National Technical Regulatory Committee (NTRC)-এর ২৯-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নং- ১১.৫.৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ২ নং ক্রমিকের National Technical Regulatory Committee (NTRC)-এর ২৯-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯) (৩৪ক) (৩৪খ) ও National Livestock Policy-2007, পশুরোগ আইন-২০০৫ এর সংশ্লিষ্ট ধারা এবং পশুরোগ বিধিমালা-২০০৮, বিদ্যমান Breeding Policy, পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ এবং বেসরকারী পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর শর্তাবলী অনুসরণপূর্বক বায়ো-জিন ২৪/১, চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭ কে তাদের নিজস্ব খামারে ব্যবহারের জন্য অনুমোদিত ১১০ (একশত দশ) পিস পিওর হলস্টিন ফ্রিজিয়ান জাতের গভীর হিমায়িত এমব্রায়ো এর মধ্যে তার আবেদনের প্রেক্ষিতে প্রথম চালানে A.L.H Genetics B.V for A.L.H Genetics USA Inc হতে ১০ পিস ১০০% হলস্টিন জাতের গভীর হিমায়িত Embryo নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে আমদানি করার অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলী:

- আমদানিতব্য ফ্রোজেন Embryo শুধুমাত্র বায়ো-জিন এর নিজস্ব খামারে ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই আমদানিকৃত ফ্রোজেন Embryo অথবা আমদানিকৃত ফ্রোজেন Embryo থেকে উৎপাদিত বকনা বা ষাঁড় অথবা ষাঁড়ের সিমেন নিজস্ব খামারের বাহিরে অন্যত্র স্থানান্তর বা ব্যবহার করা যাবে না।
- ফ্রোজেন Embryo আমদানির পূর্বে Dam & Sire সমূহের Pedigree & Performance প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।
- আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর উপ-অনুচ্ছেদ ৩৪ এ উল্লিখিত Dam & Sire এর জাত এবং উহা সংক্রামক ও যৌনব্যাধিমুক্ত এবং রপ্তানিকারক দেশ Bovine Spongiform Encephalopathy (BSE) মুক্তমর্মে উক্ত দেশের যথোপযুক্ত কর্তৃপক্ষের সনদ পত্র থাকতে হবে এবং বন্দরে পৌঁছার সাথে সাথে সরকার অনুমোদিত পরীক্ষাগারে এমব্রায়ো এর গুণগত মান পরীক্ষা করাতে হবে।
- Implanted ফ্রোজেন Embryo খামারী পর্যায়ে ব্যবহারের পূর্বে NTRC কমিটি কর্তৃক অনুমোদন নিতে হবে।
- Implanted গাভীকে সনাক্তকরণে Ear Tag প্রদান করতে হবে এবং Implant সংক্রান্ত সকল সকল তথ্য রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
- প্রাণিসম্পদ অধিদপ্তরের উপযুক্ত প্রতিনিধি সময়ে সময়ে আমদানিকৃত ফ্রোজেন Embryo দ্বারা Implanted কার্যক্রম স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- অনুমোদিত ব্রিডিং নীতিমালা অনুসারে ফ্রোজেন Embryo উৎপাদনকারী/প্রদানকারী ব্রীড বা জাতের ষাঁড় অবশ্যই Proven Bull হবে এবং তা ফ্রোজেন Embryo উৎস দেশের Breeding Society কর্তৃক Proven Bull হিসেবে অনুমোদিত হতে হবে।

Signature

৮। ফ্রোজেন Embryo রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ফ্রোজেন Embryo উৎপাদনকারী Dam & Sire সমূহের স্বাস্থ্য সনদ থাকতে হবে।

৯। প্রজনন কার্যক্রম শুরুর পূর্বেই আমদানিকৃত ফ্রোজেন Embryo এর গুণগত মান কৃত্রিম প্রজনন ল্যাবরেটরী, সাভার, ঢাকা হতে পরীক্ষান্তে প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে।

১০। ফার্মের Bio-Security নিশ্চিত করতে হবে।

১১। আমদানি সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।


১২। খামার সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরেজমিনে খামার পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।

১৩। খামার সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এ বিষয়ে ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে খামার পরিদর্শন করে খামারের সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন এবং একাঙ্গে খামার কর্তৃপক্ষ সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

১৪। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে ভবিষ্যতে এ সংক্রান্ত আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। এ আদেশের মেয়াদ ইস্যুর তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

১৬। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/ বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।




(ডাঃ মোঃ হরোয়ার হোসেন শিকদার)

উপপরিচালক

লেজিসলেসন ও প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন,

পক্ষে- মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।



ম্যানেজার

(বিজনেস ডেভলপমেন্ট এন্ড সেলস),

বায়ো-জিন ২৪/১, চামেলীবাগ, শান্তিনগর,

ঢাকা-১২১৭।

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:

১। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।

৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঢাকা / জামালপুর।

৪। উপপরিচালক (এ আই ল্যাব), কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।

৫। অফিসার-ইন-চার্জ, লাইভস্টক কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।

৬। আইসিটি অফিসার, আইসিটি শাখা, ডিএলএস, ঢাকা (ডিএলএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। অফিস কপি।